ওয়েবসাইটে প্রদর্শনের জন্য
হালনাগাদকরনের তারিখ: ১৫/১০/২০২৪

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর
# www.parbatipur.dinajpur.gov.bd

## ১। রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission)

### ১.১ রূপকল্প (Vision)
দক্ষ, স্বচ্ছ, কার্যকর, গতিশীল, জনবান্ধব এবং জবাবদিহিতামূলক প্রশাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
তথ্য প্রযুক্তির ব্যবহার, উদ্ভাবন চর্চা ও প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ, সেবা মুখী ও মানসম্মত এবং সময়োপযোগী জনমুখী প্রশাসন গড়ে তোলা।

## ২। প্রতিশ্রুত সেবাসমূহ:

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১ | উপজেলার বিভিন্ন দপ্তর সংক্রান্ত তথ্যাদি | উপজেলা নির্বাহী অফিসার | আবেদন প্রাপ্তির পর রেজিষ্ট্রারে এন্ট্রি, তথ্য সংগ্রহ ও প্রদান। | আবেদনে নির্দিষ্ট বিষয় ভিত্তিক উল্লেখ করতে হবে। | বিনামূল্যে | ২-৩ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০২ | এনজিও কার্যক্রমের প্রত্যয়নপত্র প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/ অফিস সহকারী | আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি, তদন্তকারী কর্মকর্তা নিয়োগ, তদন্তকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত করে প্রতিদেবন দাখিল, সন্তোষজনক পাওয়া গেলে প্রত্যয়নপত্র প্রদান। | আবেদনে এনজিওর কার্যক্রম এবং প্রয়োজনীয় তথ্যাদি থাকতে হবে। | বিনামূল্যে | ৮-১০ দিন | এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক জারীকৃত পরিপত্র/নির্দেশাবলী পিডিআর এ্যাক্ট ১৯১৩ | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০৩ | সার্টিফিকেট মামলা সংক্রান্ত/সরকারি পাওনা আদায় সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার/সার্টিফিকেট সহকারী | আবেদন প্রাপ্তির পর পিডিআর এ্যাক্ট ১৯১৩ অনুযায়ী মামলা নথিভূক্ত, ৭ ধারার নোটিশ প্রদান, শুনানী অন্তে মামলা নিষ্পত্তি করার হয়। | আবেদন দাবীর পরিমাণ (আসল, সুদ) ও প্রয়োজনীয় তথ্যাদি থাকতে হবে। | সরকারি দাবি অনুযায়ী নির্দিষ্ট হারে স্ট্যাম্প/ কোর্ট ফি | ৩-৬ মাস | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর।। |
| ০৪ | সাধারণ অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | উপজেলা নির্বাহী অফিসার | আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি, সত্যতা থাকলে আমলে নেয়া, তদন্তকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল, তদন্তে ফলাফলের ভিত্তিতে কার্যক্রম গ্রহন। | আবেদনে সুনির্দিষ্ট বিষয় ও প্রয়োজনীয় তথ্যাদি থাকতে হবে। | বিনামূল্যে | ১০-১৫ দিন | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০৫ | বেসরকারি কলেজ, স্কুল ও মাদ্রাসার বেতন | উপজেলা নির্বাহী অফিসার | আবেদন প্রাপ্তির পর বিল রেজিস্ট্রারে এন্ট্রি, ঠিক থাকলে উপস্থাপন এবং প্রতিস্বাক্ষর প্রদান, সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ। | আবেদনে বরাদ্দ প্রাপ্তি, হাজিয়ার প্রত্যয়ন পত্র থাকতে হবে। | বিনামূল্যে | ১-২ দিন | হাট-বাজার ব্যবস্থাপনা | জেলা প্রশাসক, দিনাজপুর। |

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | বিল প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | নীতিমালা ২০১১ ও সর্বশেষ পরিপত্র | |
| ০৬ | হাট-বাজার ইজারা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) | হাট-বাজারের ক্যালেন্ডার তৈরি, জেলা প্রশাসকের অনুমোদন, ইজারা মূল্য নির্ধারণ করে পত্রিকায় বিজ্ঞপ্তি, দরপত্র গ্রহণ এবং মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতাকে ৭ দিনের মধ্যে সকল অর্থ পরিশোধের জন্য নোটিশ প্রদান এবং ইজারা প্রদান। | নির্দিষ্ট ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ দরপত্র দাখিল করতে হবে। | ইজারা মূল্য, ভ্যাট ১৫%, আয়কর ৫% | ২ মাস | মন্ত্রণালয়ের নির্দেশনা/জারীকৃত পরিপত্র মোতাবেক | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০৭ | ভিজিএফ/ত্রাণ/মানবিক সাহায্য বিতরণ | উপজেলা নির্বাহী অফিসার/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | বরাদ্দ প্রাপ্তি, জনসংখ্যা, আয়তন, ক্ষয়ক্ষতির পরিমাণ অনুসারে ইউনিয়নে উপ-বরাদ্দ, ইউনিয়নে তালিকা অনুমোদন করে উপজেলায় প্রেরণ, উপজেলা হতে অনুমোদন এবং ট্যাগ অফিসারের মাধ্যমে বিতরণ। | আবেদনের সঙ্গে ক্ষয়ক্ষতির পরিমাণ, ইউনিয়নের চেয়ারম্যানের সুপারিশহ প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে। | বিনামূল্যে | ১-২০ দিন | জলমহল নীতিমালা-২০০৯ | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০৮ | জলমহাল ইজারা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) | ইজারাযোগ্য জলমহালের তালিকা তৈরি, ইজারা মূল্য নির্ধারণ করে পত্রিকায় বিজ্ঞপ্তি, দরপত্র গ্রহণ এবং মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সফল দরদাতাকে ৭ দিনের মধ্যে সকল অর্থ পরিশোধের জন্য নোটিশ প্রদান এবং ইজারা প্রদান। | ব্যাংক ড্রাফট, সমিতির নিবন্ধনপত্র ও বিজ্ঞপ্তিতে বর্ণিত কাগজপত্রসহ দরপত্র দাখিল করতে হবে। | ইজারা মূল্য, ভ্যাট ১৫%, আয়কর ৫% | ২ মাস | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ০৯ | থোক বরাদ্দ/বিশেষ অনুদানের অর্থ ছাড়করণ | উপজেলা নির্বাহী অফিসার | ধর্মীয় প্রতিষ্ঠান/কাব, পাঠাগারের ক্ষেত্রে বরাদ্দ পত্র প্রাপ্তির পর ট্রেজারিতে বিল দাখিল, বিল পাসের পর সভাপতি/ সেক্রেটারির অনুকূলে ক্রস চেকের মাধ্যমে অর্থ প্রদান। | প্রতিষ্ঠানের প্যাডে আবেদন, রেজুলেশন, পরিচয়পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্রসহ দাখিল করতে হবে। | বিনামূল্যে | ১০-১৫ দিন | সংশ্লিষ্ট নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১০ | শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির অভিভাবক সদস্য মনোনয়ন | উপজেলা নির্বাহী অফিসার | প্রধান শিক্ষক কর্তৃক দাখিলকৃত আবেদন গ্রহণ, এন্ট্রিকরণ ও মনোনয়ন প্রদানপূর্বক জানিয়ে দেয়া। | প্রতিষ্ঠানের প্যাডে, প্রস্তাবিত ৩ জন অভিভাবকের নামের তালিকাসহ আবেদন দাখিল করতে হবে। | বিনামূল্যে | ১-২ দিন | সংশ্লিষ্ট নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১১ | শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ | উপজেলা নির্বাহী অফিসার | প্রধান শিক্ষক কর্তৃক দাখিলকৃত আবেদন গ্রহণ, এন্ট্রিকরণ ও প্রিজাইডিং অফিসার নিয়োগপূর্বক জানিয়ে দেয়া। | প্রতিষ্ঠানের প্যাডে আবেদনসহ পূর্ববর্তী কমিটির নামের তালিকা দাখিল করতে হবে। | বিনামূল্যে | ২-৩ দিন | কৃষি খাস জমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা নীতিমালা-১৯৯৫ | জেলা প্রশাসক, দিনাজপুর। |

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১২ | ভূমিহীনদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) | ভূমিহীনদের নিকট হতে আবেদন গ্রহণ, রেজিস্ট্রার ১৪ এন্ট্রিকরুণ, যাচাইয়ের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ, সার্ভেয়ার কর্তৃক স্কেচ ম্যাপ তৈরি, উপজেলা কমিটির অনুমোদনের পর কবুলিয়ত সম্পাদন ও সাবরেজিস্ট্রি অফিসের মাধ্যমে দলিল রেজিস্ট্রেশন সম্প্র, নামজারি ও রেকর্ড সংশোধন। | নির্ধারিত সময়ে ভূমিহীন সনদপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করতে হবে। | বিনামূল্যে | ২০-৩০ দিন | বরাদ্দের সাথে প্রাপ্ত নির্দেশনা | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৩ | ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীদের সহায়তা প্রদান ও স্বাবলম্বীকরণ | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী | প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বরাদ্দ প্রাপ্তি, বিজ্ঞপ্তি প্রকাশ, প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়। অতঃপর উপকারভোগীদের মাঝে একাউন্টের মাধ্যমে উত্তোলনযোগ্য চেক বিতরণ করা হয় এবং নীতিমালা মোতাবেক কিস্তিভিত্তিক ঋণ আদায় করা হয়। | নির্ধারিত সময়ে প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করতে হবে। | বিনামূল্যে | ১৫-৩০ দিন | বয়স্ক ভাতা বাস্তবায়ন নীতিমালা ২০১৩ | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৪ | বয়স্ক ভাতা কার্যক্রম | উপজেলা সমাজসেবা অফিসার | ৬৫ বছর বয়সের পুরুষ এবং ৬২ বছর বয়সের মহিলারা নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসে আবেদন করতে হবে, যাচাই-বাছাই অন্তে চূড়ান্ত করা হয়। ভাতাভোগীকে অবহিত করার পর ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলা। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | ১০ টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে হবে | ৩ মাস | বিধবা ও স্বামী পরিতাকা দুস্থ মহিলাদের ভাতা বাস্তবায়ন নীতিমালা ২০১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৫ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের ভাতা কার্যক্রম ও মাতৃত্বকালীন ভাতা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসে আবেদন করতে হবে, যাচাই-বাছাই অন্তে চূড়ান্ত করা হয়। ভাতাভোগীকে অবহিত করার পর ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলা। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | ১০ টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে হবে | ৩ মাস | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা ২০১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৬ | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার | অস্বচ্ছল প্রতিবন্ধীদের নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসে আবেদন করতে হবে, যাচাই-বাছাই অমেন্দ্র চূড়ান্ত করা হয়। ভাতাভোগীকে অবহিত করার পর ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলা। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | ১০ টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে হবে | ৩ মাস | ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০ ও ভূমি মন্ত্রণালয়ের ০৭/১০/১৯৯৬ খ্রিস্টাব্দ তারিখের ৪৯১ (৭৪) নং-আরকপত্র | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক, |

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | দিনাজপুর। জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৭ | হাট-বাজারের চান্দিনা ভিটির পিজ প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) | আবেদন প্রাপ্তির পর তা নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই করে জেলা প্রশাসক মহোদয়ের বরাবর প্রেরণ করা। অনুমোদন অন্তে নির্ধারিত হারে লিজমানি আদায়পূর্বক সরজমিনে নিজগ্রহীতাকে জমি বুঝিয়ে দেওয়া হয়। | ট্রেড লাইসেন্স, ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। | (১) উপজেলা সদরে প্রতি বর্গমিটারে জন্য ৫০ টাকা (২) অন্যান্য এলাকায় প্রতিবর্গ মিটারে ১৩ টাকা | ৪০-৪৫ সিন | সংশ্লিষ্ট নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৮ | প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা শিক্ষা অফিসার | মার্চ মাসে এসএমসি এর সভার মাধ্যমে ১ম শ্রেণীর জন্য সুবিধাভোগী পরিবার নির্বাচন করা, উপজেলা ভিত্তিক নির্ধারিত কোটা অনুযায়ী উপবৃত্তি প্রদান, ৪র্থ মাসে বিদ্যালয় ম্যানেজিং কমিটি মিটিং করে নির্ধারিত শর্তানুযায়ী উপবৃত্তি প্রাপ্যদের তালিকা করে। অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট উপস্থাপন, ব্যাংক প্রতিনিধি কয়েকটি বিদ্যালয় নিয়ে নির্ধারিত কেন্দ্রে টাকা নিয়ে উপস্থিত হন এবং শিক্ষক কর্তৃক শনাক্ত করার মাধ্যমে অভিভাবকদের স্বাক্ষর নিয়ে বরাদ্দকৃত টাকা বুঝিয়ে দেন। | প্রয়োজনীয় তথ্যাদি, স্কুলের ম্যানেজিং কমিটির মিটিং এর তালিকায় নাম সংযুক্ত করা। | বিনামূল্যে | ১০-১৫ দিন | পিপিএ-২০০৬ পিপিআর ২০০১৮ | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ১৯ | গ্রামীণ অবকাঠামো নির্মাণ কার্যক্রম (ব্রিজ/কালভার্ট) | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাইড্রোলিক ডাটাসহ ব্রিজ নির্মাণের স্থানের ছবিসহ সংশ্লিষ্ট সংসদ সদস্যের সুপারিশ নিয়ে ইউএনও এর মাধ্যমে ত্রাণ ও পুর্ণবাসন অধিদপ্তরে প্রেরণ করা, সংশ্লিষ্টট কাগজপত্র দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক যাচাই করে প্রাক্কলন অনুমোদন করার পর উপজেলায় বরাদ্দ প্রদান। অতঃপর ব্রিজ সম্পূর্ণরূপে বাস্তবায়নের পর ইউএনও কর্তৃক চূড়ান্ত বিল পরিশোধ করা হয়। | সিডিউল মূল্যে, ব্যাংক ড্রাফট প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। | নির্ধারিত ফি দিয়ে সিডিউল ক্রয় এবং প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর প্রদান | ৬০-৭৫ দিন | পিপিএ-২০০৬ বিধিমালা-২০০৯ সংশ্লিষ্ট সরকারি নির্দেশনা। | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ২০ | প্রাথমিক বিদ্যালয় মেরামত/সংস্কার | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার | বিদ্যালয়ের ভবন জরাজীর্ণ হলে মেরামত/সংস্কারের জন্য সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের তালিকা করা অথবা বিদ্যালয় ম্যানেজিং কমিটি নিজেরা প্রয়োজনীয়তার ভিত্তিতে উপজেলা শিক্ষা অফিসে আবেদন করা, বিদ্যালয়ের নামে অর্থ বরাদ্দ হলে উপজেলা প্রকৌশলী নির্ধারিত নিয়মে টেন্ডারের কার্যক্রম সম্পন্ন | সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের তালিকা করা/ বিদ্যালয় ম্যানেজিং কমিটি নিজেরা প্রয়োজনীয়তা ভিত্তিতে | বিনামূল্যে | ১০-৩০ দিন | অস্বাচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা ২০১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ |

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | করে ঠিকাদারের মাধ্যমে মেরামত/সংস্কার কার্যক্রম সম্পন্ন করা। | | | | | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ২১ | বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা অফিসার | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষরিত বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন আহবান করেন। নীতিমালা অনুসারে যাচাই বাছাই করার পর ভাতাভোগী নির্বাচন করা হয়। যে সকল বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধ এবং শহীদ মুক্তিযোদ্ধ পরিবার মুক্তিযোদ্ধ কল্যাণ ট্রাস্ট হতে ভাতা পাচ্ছেন তারা এ সেবার আওতায়ভূক্ত হবেন না। | প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করতে হবে। | ১০ টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে হবে | ৩ মাস | অতি দরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর। |
| ২২ | অতিদরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি (৪০ দিনের) | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা বরাদ্দ প্রাপ্তির পর ইউএনও কর্তৃক জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়ন ওয়ারী বরাদ্দ বিভাজনপূর্বক ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়। ইউপি কর্তৃক বরাদ্দ অনুযায়ী শ্রমিক এবং ওয়েজ ও নন-ওয়েজ কর্মের প্রকল্প তালিকা প্রস্তুত করে উপজেলা কমিটিতে প্রেরণ করা হয। প্রকল্প তদারকির জন্য উপজেলা কর্মকর্তাদের ইউনিয়ন ওয়ারী ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করে প্রকল্প স্থলে সাইনবোর্ড স্থানপূর্বক প্রকল্পের কাজ আরম্ভ করা হয়। | প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | বিনামূল্যে | ৪০ দিন | একটি বাড়ি একটি খামার প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৩ | আমার বাড়ি আমার খামার প্রকল্প/ পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ উপজেলা সমন্বয়কারী | প্রকল্প সদর কর্তৃক ইউনিয়ন সংখ্যা নির্ধারিত এবং গ্রাম বাছাই কমিটি কর্তৃক গ্রাম বাছাইপূর্বক কার্যক্রম শুরু হয়। সদরপ্তর কর্তৃক নির্ধারিত এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন ট্যাগ অফিসারের নেতৃত্বে উপকারভোগী বাছাই কমিটি দ্বারা বাছাইকৃত প্রতিটি গ্রাম হতে জরিপ এবং বাছাই সম্পন্ন শেষে প্রতি ওয়ার্ডে একটি করে সমিতি গঠন করা হয়। সমিতির তথ্য প্রকল্পের সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে এবং অর্থনৈতিক স্বচ্ছতার ক্ষেত্রে মাধ্যমে পরিচালিত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদির আলোকে শ্রমিক বাছাই করন। | বিনামূল্যে | ৬ মাস | খাদ্যশস্য (ধান, চাল, গম) সংগ্রহ সংক্রান্ত নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৪ | খাদ্য শস্য সংগ্রহ | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ ওসি (এলএসডি) | কৃষক তার উৎপাদিত ধান/গম গুদামে বিক্রির জন্য নিয়ে আসলে গুদাম কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ওজন ও মান সম্পর্কে নিশ্চিত হয়ে মূল্য পরিশোধের নিমিত্ত WQSC (weight, Quality, Stock Certificate, ওজন, মান ও মজুদ সার্টিফিকেট) ইস্যু করেন। নির্ধারিত সময়ের মধ্যে চাল সরবরাহ করা মূল্য পরিশোধ করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদির আলোকে উপকারভোগী বাছাই করন। | খান/গমের ক্ষেত্রে বিনামূল্যে তবে চাল ক্রয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদনের জন্য ৩০০/- | ১-২ দিন | সংশ্লিষ্ট নীতিমালা | জেলা প্রশাসক, দিনাজপুর |

| ক্রঃ নং | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য | সেবা প্রদানের সময় সীমা | সংশ্লিষ্ট আইন/বিধি/ নাতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল করতে হয় | | | |
| ২৫ | কাবিখা/কাবিটা/টিআর (সাধারণ ও বিশেষ) | উপজেলা নির্বাহী কর্মকর্তা। উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা | সাধারণ: দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জেলার আয়তন, জনসংখ্যা ও দুস্থতার ভিত্তিতে জেলা প্রশাসক বরাবর বরাদ্দ প্রেরণ করে। জেলা প্রশাসক একই নিয়মে উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে উপ-বরাদ্দ প্রদান করে থাকেন। বরাদ্দের অনুকূলে সংশ্লিষ্ট পিআইসির মাধ্যমে ইউনিয়ন পরিষদ প্রকল্প বাস্তবায়ন করে। বিশেষ: মন্ত্রণালয় বাজেট বরাদ্দ করে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর বরাদ্দ প্রদান করে থাকে। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করেন। জেলা কর্ণধারা কমিটিতে উপস্থাপনের পর জেলা প্রশাসক অনুমোদিত তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদান করেন এবং প্রকল্প কমিটির মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদির আলোকে উপকারভোগী বাছাই করন। | বিনামূল্যে | ৬০ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৬ | নারী নির্যাতন প্রতিরোধ ও শিশু পাচার সম্পর্কিত | উপজেলা নির্বাহী অফিসার/ মহিলা বিষয়ক কর্মকর্তা | আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি, সত্যতা থাকলে আমলে নেয়া, তদন্তকারী কর্মকর্তা নিয়োগ, তদন্তকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল, তদন্তে ফলাফলের ভিত্তিতে কার্যক্রম গ্রহন। | আবেদনে সুনির্দিষ্ট বিষয় ও প্রয়োজনীয় তথ্যাদি থাকতে হবে | বিনামূল্যে | ১০-১৫ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৭ | বিভিন্ন সভা/সমিতি/ধর্মীয় অনুষ্ঠান সম্পর্কিত | উপজেলা নির্বাহী অফিসার | আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি সত্যতা থাকলে আমলে নেয়া, থানার অফিসার ইনচার্জ এর নিকট প্রেরণ, প্রতিবেদন ভিত্তিতে কার্যক্রম গ্রহন। | আবেদনে সুনির্দিষ্ট বিষয়, তারিখ, সময় ও প্রয়োজনী তথ্যাদি থাকতে হবে। | বিনামূল্যে | ১০-১৫ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৮ | ইউপি চেয়ারম্যান/সদস্যগণের সম্মানী ভাতা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/অফিস সহকারী | বরাদ্দ প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি এবং নির্দিষ্ট ব্যাংকে জমা, কালেকশনের পর ইউপি চেয়ারম্যান/মেম্বারদের সম্মানীর একাউন্টে জমা প্রদান। | বরাদ্দপত্র, ব্যাংক হিসাব ও প্রয়োজনীয় তথ্যাদি | বিনামূল্যে | ১০-১৫ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ২৯ | গ্রাম পুলিশের সম্মানী ভাতা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার/অফিস সহকারী | বরাদ্দ প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি এবং নির্দিষ্ট ব্যাংকে বিল জমা এবং ব্যাংক হতে অর্থ কালেকশনের পর গ্রাম পুলিশের সম্মানী ভাতা প্রদান। | বরাদ্দপত্র, হাজিরা খাতা ও প্রয়োজনীয় তথ্যাদি | বিনামূল্যে | ১০-১৫ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর |
| ৩০ | সার ও বীজ সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার | বরাদ্দ প্রাপ্তির পর রেজিস্ট্রারে এন্ট্রি এবং সভার মাধ্যমে উপ-বরাদ্দ প্রদান, তালিকা ইউনিয়ন পরিষদ থেকে সংগ্রহপূর্বক কার্যক্রম গ্রহন। | বরাদ্দপত্র ও প্রয়োজনীয় তথ্যাদি | বিনামূল্যে | ১০-১৫ দিন | প্রযোজ্য নয় | জেলা প্রশাসক, দিনাজপুর। |

**৩। আপনাদের কাছে প্রত্যাশা**

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২ | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩ | সাক্ষাতের জন্য নির্দিষ্ট সময়ের পূর্বে উপস্থিত থাকা |
| ৪ | প্রতিটি সেবা সম্পর্কে যথাযথ ধারণা লাভের জন্য সচেষ্ট থাকা |
| ৫ | সেবা প্রাপ্তির পর আপনার মূল্যবান মতামত প্রদান করা |

**৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সংক্রান্তঃ**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা | জেলা প্রশাসক<br>জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।<br>ফোনঃ ০২৫৮৯৯২৫০০১ (অফিস)<br>ই-মেইলঃ dcdinajpur@mopa.gov.bd | ৩০ দিন |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | বিভাগীয় কমিশনার<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।<br>অফিস টেলিফোন: ০২৫৮৮৮১২০০১<br>ফ্যাক্স: ০২৫৮৮৮১২০১৪<br>ই-মেইল: divcomrangpur@mopa.gov.bd | ৩০ দিন |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ ব্যবস্থাপনা সেল<br>সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা<br>মন্ত্রিপরিষদ বিভাগ<br>ই-মেইলঃ gggrb@cabinet.gov.bd<br>ফোন (অফিস): ০২২২৩৩৫৮৭৫২<br>ফ্যাক্স: ৯৫১৩৩০২ | ৬০ দিন |